

### শিক্ষামন্ত্রীকে শিক্ষা ক্যাডার কর্মকর্তাদের স্মারকলিপি

নায়েম্ ডিজি নিয়োগের প্রতিবাদ

#### ■ ইত্তেফাক রিপোর্ট

জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমির (নায়েম) মহাপরিচালক পদে অন্য ক্যাডার কর্মকর্তাকে পায়িত দেয়ার প্রতিবাদে শিক্ষা সচিব ও শিক্ষামন্ত্রীকে স্মারকলিপি দিয়েছে/স্বাক্ষর/ শিক্ষা ক্যাডারের কর্মকর্তারা। সম্মতি বিসিএস সাধারণ শিক্ষা সমিতির বানারে এ স্মারকলিপি দেয়া হয়।

স্মারকলিপিতে বলা হয়, নায়েমের মহাপরিচালক, মান্নানা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান পদে শিক্ষাবাদে অন্য ক্যাডার কর্মকর্তাকে নিয়োগ দেয়া হয়েছে। আনুযায়ির মধ্যে তা বাতিল না করা হলে দেশব্যাপী কঠোর কর্মসূচি গ্রহণ করা হবে।

এতে আরো বলা হয়, ২০০৩ সালে শিক্ষা সংশ্লিষ্ট অফিসসমূহের বিভিন্ন পদে অন্য ক্যাডারদের পদায়নের প্রতিবাদে বিসিএস সাধারণ শিক্ষা সমিতি আন্দোলন করে। পরে অনেককে প্রত্যাহার করা হয়। এছাড়া ক্রমান্বয়ে শিক্ষা সংশ্লিষ্ট পদে পদায়নকৃত অন্য ক্যাডারের সকল কর্মকর্তাকে প্রত্যাহারের আখ্যাস দেয়া হয়। তবে এখনও প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ড (এনসিটিবি), স্যানিটেশন, বিজ্ঞান মাদুঘর, ইউনেস্কো শিক্ষা কমিশন, নেপ, এনপিআরসি ও প্রায় ৭৪/৭৫টি শিক্ষা প্রকল্প হাডে অন্য ক্যাডার কর্মকর্তাদেরও প্রত্যাহার অন্মোদন সম্পন্ন হয়নি বলে স্মারকলিপিতে বলা হয়।